

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-২১২-আইন/২০২৩।—Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 78 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৮ অগ্রহায়ণ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২ ডিসেম্বর, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-২৭৭-আইন/২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত ফিসের তালিকার—

(ক) ১-সাধারণ ফি এর—

(১) দফা ‘ছ’ এর পরিবর্তে নিম্নরূপ দফা ‘ছ’ এবং উহার বিপরীতে ফিসের হার বা পরিমাণ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“ছ কোন হেতু, ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে :

(ক) বাংলা, ইংরেজি বা উভয় ভাষায় প্রতি ৩০০  
(তিনশত) শব্দবিশিষ্ট ১ (এক) পৃষ্ঠা বা উহার  
অংশবিশেষের জন্য— ২৪/ টাকা;

(খ) কোন আবেদনকারী, কার্যালয়ের অন্যান্য নকলের কাজ  
অপেক্ষা, তাহার প্রার্থীত নকলের জন্য অগ্রাধিকার চাহিলে  
তাহাকে অতিরিক্ত ৫০/- টাকা প্রদান করিতে হইবে বা, যদি

(৯০৫৭)

মূল্য : টাকা ৪.০০

নকলটি প্রতি পৃষ্ঠায় ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ৪ (চার) পৃষ্ঠার  
অধিক হয়, তাহা হইলে প্রতি পৃষ্ঠার জন্য ১৫/- টাকা হারে  
অতিরিক্ত ফিস প্রদান করিতে হইবে।”;

- (২) দফা ‘ছছ’ এর পরিবর্তে নিম্নরূপ দফা ‘ছছ’ এবং উহার বিপরীতে ফিসের হার বা  
পরিমাণ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“ছছ কোন ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে দফা  
'ছ(কে)'-তে উল্লিখিত ফিস ব্যতীত নকলনবিশগণের পারিশ্রমিক বাবদ  
নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা :—

বাংলা, ইংরেজি বা উভয় ভাষায় প্রতি ৩০০  
(তিনশত) শব্দবিশিষ্ট ১ (এক) পৃষ্ঠা বা উহার  
অংশবিশেষের জন্য— ৩৬/ টাকা;

### টাকা

- (১) যদি কোন আবেদনকারী ইতোমধ্যে নিবন্ধিত কোন দলিলের  
মুদ্রিত বা টাইপকৃত নকল দাখিল করিয়া উহাকে ‘অবিকল  
নকল’ মর্মে প্রত্যয়নযুক্তরূপে পাইবার জন্য আবেদন করেন,  
তাহা হইলে এইরূপ নকলের তুলনা করিবার জন্য ফিস ও  
পারিশ্রমিকের পরিমাণ দফা ‘ছ’ ও ‘ছছ’ অনুসারে ধার্যযোগ্য  
ফিস ও পারিশ্রমিকের অর্ধেক হইবে।
- (২) ফিস প্রদান হইতে অব্যাহতি প্রাপ্ত নকল ব্যতীত অন্যান্য সকল  
নকলের আবেদনে Court-fees Act, 1870 (Act No. VII  
of 1870) এর অধীন ২০/- টাকার কোর্ট ফিস প্রদেয় হইবে।”;

(খ) ২-অতিরিক্ত ফি এর—

- (১) দফা ‘চ’ এর পরিবর্তে নিম্নরূপ দফা ‘চ’ এবং উহার বিপরীতে ফিসের হার বা  
পরিমাণ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“চ প্রতিটি দলিল নিবন্ধনের জন্য দফা ‘ক’, ‘খ’, ‘গ’, ‘ঘ’ এবং ‘ঙ’ এর  
অধীন প্রদেয় ফিস ব্যতীত রেজিস্টার বহিতে দলিল নকলকরণার্থে  
নিম্নবর্ণিত হারে অতিরিক্ত নকল ফিস প্রদান করিতে হইবে, যথা :—

বাংলা, ইংরেজি বা উভয় ভাষায় প্রতি  
৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ১ (এক) পৃষ্ঠা  
বা উহার অংশবিশেষের জন্য— ২৪/ টাকা।”; এবং

(২) দফা ‘চট’ এর পরিবর্তে নিম্নরূপ দফা ‘চট’ এবং উহার বিপরীতে ফিসের হার বা পরিমাণ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“চট দলিল নকলকরণার্থে দফা ‘চ’ এর অধীন প্রদেয় ফিস ব্যতীত নকলনবিশগণের পারিশ্রমিক বাবদ নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা :—

বাংলা, ইংরেজি বা উভয় ভাষায় প্রতি  
৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ১ (এক) পৃষ্ঠা  
বা উহার অংশবিশেষের জন্য— ৩৬/ টাকা।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ মোঃ সালাহুউদ্দিন খাঁ  
উপসচিব (রেজিস্ট্রেশন)।